

ও পাড়ার ভটকা

পীযুষ ঘোষ (২০১১)

ও পাড়ার ভটকা, কাঁদে শুধু হাসে না
টিকি নড়ে ঘন ঘন, মাথা তবু নড়ে না
এপাড়া ওপাড়া ছোট্টে শুধু দিনরাত
পড়ে গেলে ওঠেনা, একেবারে কুপোকাত
দেড় কিলো ভাত খায়, একশোটা পেয়ারা
ভুঁড়ি বেড়ে দিনরাত, হচ্ছে বেয়াড়া
মাঠে যায় খেলতে বছরেতে একবার
পা ভেঙে ঘরে জোড়ে ভেউ ভেউ চিৎকার
ছিপ হাতে পুকুরেতে বসে সে বিকেলে
ব্যঙ ছাড়া মাছ তার জোটোনাকো কপালে
বাঙলা, বিজ্ঞান অন্ধেতে নড়বড়
ইতিহাস ভূগোলটা দেখলেই আসে জ্বর
গান ধরে ভটকা, রাত শেষে সকালে
পশু পাখির তা শুনে, প্রান যায় অকালে।